দৈনিক জনকণ্ঠ

APR. 0 1 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# ১৬ এপ্রিল শিক্ষক-কর্মচা ঐক্যজোটের মহাঅবস্থান কর্মসূচী

শিক্ষক-কর্মচারী ঐক্যজোট আগামী ১৬ এপ্রিল ঢাকায় মহাঅবস্থান কর্মসূচী পালন করবে। শিক্ষক-কর্মচারীদের ৬ দফা বাস্তবায়ন ও ৯ দফার শিক্ষক স্বার্থবিরোধী ধারা বাতিলের দাবিতে এ কর্মসূচী ঘোষণা করা হয়। জোটের জাতীয় কমিটির বর্ধিত সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। জোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম. শরীফুল ইসলামের সভাপতিত্বে এ সভায় বক্তৃতা করেন সমন্বয়কারী মোঃ সেলিম ভূইয়া, আহ্বায়ক মাওলানা এমএ লতিফ, অধ্যক্ষ মোঃ মাজহারুল হান্নান, মোঃ শফিকুল আলম, মুহাম্মদ লিয়াকত আলী প্রমুখ। সভায় আগামী ৫ এপ্রিলের মধ্যে শিক্ষকদের দাবি বাস্তবায়নে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করা হয়। খবর বিজ্ঞপ্তি'র।